গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৫০/২০১৯-২০২০
ঢাকা, ৫ সেপ্টেম্বর বৃহস্পতিবার ২০১৯, ২১ ভাদ্র ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। দেশবিরোধী অপপ্রচার বন্ধে সোচ্চার হোন : বিজিএমইএ নেতাদের প্রতি প্রধানমন্ত্রী
২। বাংলাদেশ ধর্মীয় সম্প্রীতির দেশ : হিন্দু ধর্মীয় নেতাদের প্রধানমন্ত্রী
৩। শেখ হাসিনা ভার্সিটির প্রকল্প দেখে প্রধানমন্ত্রীর সন্তোষ
৪। ৩৪ টিভি চ্যানেলের জন্য আগামী ১ অক্টোবর বঙ্গবন্ধু স্যাটেলাইটের সেবা উদ্বোধন প্রধানমন্ত্রীর
৫। প্রধানমন্ত্রীর সঙ্গে ইরানের পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ :
মুসলিম দেশগুলোতে ভ্রাতৃঘাতী সংঘাত বন্ধে ওআইসির ভূমিকা নেয়ার আহ্বান প্রধানমন্ত্রীর
৬। স্পিকারের সঙ্গে ইরানের পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ : রোহিঙ্গা প্রত্যাবাসনে সহযোগিতার আহ্বান
৭। রোহিঙ্গাদের মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনই একমাত্র সমাধান : সাংবাদিকের ইরানের পররাষ্ট্রমন্ত্রী
৮। রোহিঙ্গা প্রত্যাবাসনে সহায়তা চেয়ে বাংলাদেশ ও জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বৈঠক
৯। অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রীর রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন
১০। রোহিঙ্গা ক্যাম্পের চারদিকে বেড়া বা প্রাচীর নির্মাণের সুপারিশ সংসদীয় কমিটির
১১। রোহিঙ্গা সমাবেশে সহায়তার অভিযোগে দুই এনজিওর কার্যক্রম নিষিদ্ধ
১২। এডিবি'র অর্থায়নে দেশের ৪টি মহাসড়ক চার লেনে উন্নীত হচ্ছে :
সেতুমন্ত্রীর সঙ্গে কান্ট্রি ডিরেক্টরের সাক্ষাৎ
১৩। উত্তরাঞ্চলে ডালের আবাদ বাড়ানোর তাগিদ কৃষিমন্ত্রীর
১৪। উদ্বৃত্ত অর্থ নিলে ব্যাংকে তারল্য সংকট হবে না : অর্থমন্ত্রী
১৫। পোশাক তৈরিতে বৈচিত্র্য আনতে হবে : শিল্পমন্ত্রী
১৬। কানাডায় শুল্কমুক্ত সুবিধা অব্যাহত থাকার আশা বাণিজ্যমন্ত্রীর
১৭। বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণে বিশেষজ্ঞদের নিয়ে সভা অনুষ্ঠিত
১৮। চট্টগ্রাম বন্দরের বে-টার্মিনাল নির্মাণে চূড়ান্ত সিদ্ধান্ত যেকোনো সময় : নৌপরিবহণ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

**১। দেশবিরোধী অপপ্রচার বন্ধে সোচ্চার হোন : বিজিএমইএ নেতাদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজেদের ব্যবসায়িক স্বার্থে বিদেশে বাংলাদেশ বিরোধী অপপ্রচার মোকাবিলায় কাজ করতে রপ্তানিকারকদের প্রতি সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে বিজিএমইএ পরিচালনা পর্ষদের নবনির্বাচিত সদস্যরা দেখা করতে গেলে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, এসব অপপ্রচার চালিয়ে তারা আমাকে পলিটিক্যালি ক্ষতি করতে চায়। কিন্তু ক্ষতিগ্রস্ত হয়ে যায় ব্যবসায়ীরা। তাই এ অপপ্রচারের বিরুদ্ধে আপনাদের সোচ্চার হতে হবে। প্রধানমন্ত্রী আরো বলেন, আমাদের অর্থনীতি কৃষিপ্রধান, কিন্তু শিল্পায়ন ছাড়া কোনো দেশের উন্নতি ত্বরান্বিত হয় না। সেজন্য একদিকে আমরা কৃষিকেও গুরুত্ব দেই, আবার শিল্পকেও গুরুত্ব দেই। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮)**, সমকাল (শেষ** পৃ,ক.৫)**, নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**২। বাংলাদেশ ধর্মীয় সম্প্রীতির দেশ : হিন্দু ধর্মীয় নেতাদের প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ধর্মীয় সম্প্রীতির দেশ। রাষ্ট্রের নাগরিক হিসেবে সবাই সমান সুযোগ ভোগ করবে। কোনো জাতিগোষ্ঠীকে সংখ্যালঘু নয়, দেশের নাগরিক ভাবতে হবে। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) গণভবনে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে শ্রীশ্রী জন্মাষ্টমী উদ্‌যাপন পরিষদ বাংলাদেশ, মহানগর সর্বজনীন পূজা কমিটি ও হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টসহ হিন্দু ধর্মীয় নেতাদের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (শেষ পৃ.,ক.১)**, ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)**, নিউজ টুডে** ( শেষ পৃ,ক.১)।

**৩। শেখ হাসিনা ভার্সিটির প্রকল্প দেখে প্রধানমন্ত্রীর সন্তোষ**

নেত্রকোণার শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের মহাপরিকল্পনার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন' দেখে সন্তোষ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) প্রধানমন্ত্রী তাঁর কার্যালয়ে এক বৈঠকে এ প্রকল্পের প্রেজেন্টেশন দেখেন। ৫০০ একর জমির ওপর দুই হাজার ৬৩৭ কোটি টাকা ব্যয়ে এ বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কাজ ২০২১ সালে শেষ হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২, ক.৭)**, ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)**, নিউজ টুডে (শেষ** পৃ,ক.৫)।

**৪। ৩৪ টিভি চ্যানেলের জন্য আগামী ১ অক্টোবর বঙ্গবন্ধু স্যাটেলাইটের সেবা উদ্বোধন প্রধানমন্ত্রীর**

দেশের সকল টিভি চ্যানেল আগামী **১** অক্টোবর থেকে দেশের প্রথম যোগাযোগ স্যাটেলাইট বঙ্গবন্ধু-**১** (বিএস) এর ফিড ব্যবহার করে পূর্ণাঙ্গ অনুষ্ঠান সম্প্রচার শুরু করবে। বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল) এর চেয়ারম্যান ড. শাহজাহান মাহমুদ গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী **১** অক্টোবর দেশের ৩৪ টিভি চ্যানেলের সবকটিতে বঙ্গবন্ধু স্যাটেলাইট-**১** (বিএস-**১**) এর সেবা অনুষ্ঠানিকভাবে চালু করবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২, ক.৭)**, নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**৫। প্রধানমন্ত্রীর সঙ্গে ইরানের পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ :**
**মুসলিম দেশগুলোতে ভ্রাতৃঘাতী সংঘাত বন্ধে ওআইসির ভূমিকা নেয়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলামিক সহযোগিতা সংস্থার (ওআইসি) মুসলিম দেশগুলোর মধ্যে ঐক্য ও সংহতি সৃষ্টি এবং ভ্রাতৃঘাতী সংঘাত বন্ধে শক্তিশালী ভূমিকা পালনের ওপর গুরুত্বারোপ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, মুসলিম দেশগুলোর মধ্যকার ভ্রাতৃঘাতী সংঘাত বন্ধে ওআইসি শক্তিশালী ভূমিকা পালন করতে পারে। সফররত ইরানের পররাষ্ট্রমন্ত্রী ড. মোহাম্মাদ জাভেদ জারিফ গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) প্রধানমন্ত্রীর তেজগাঁওস্থ কার্যালয়ে তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। সূত্র **: সংবাদ (**শেষ পৃ,ক.২)**, নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৬। স্পিকারের সঙ্গে ইরানের পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ : রোহিঙ্গা প্রত্যাবাসনে সহযোগিতার আহ্বান**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বাংলাদেশ থেকে মিয়ানমারে রোহিঙ্গাদের শান্তিপূর্ণ প্রত্যাবাসনে ইরানকে সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদ ভবনে ঢাকা সফরত ইরানের পররাষ্ট্রমন্ত্রী ড. মোহাম্মদ জাভেদ জারিফের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। সাক্ষাৎকালে তাঁরা সমুদ্র অর্থনীতির টেকসই ব্যবহার, রোহিঙ্গা ইস্যু, দ্বিপক্ষীয় বাণিজ্যের প্রসারসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সূত্র **: সংবাদ** (পৃ.২,ক.১)**, ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৭। রোহিঙ্গাদের মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনই একমাত্র সমাধান : সাংবাদিকের ইরানের পররাষ্ট্রমন্ত্রী**

ঢাকা সফরত ইরানের পররাষ্ট্রমন্ত্রী জাভেদ জারিফ বলেছেন, রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন এ সংকটের একমাত্র সমাধান। তবে একইসঙ্গে রোহিঙ্গাদের নাগরিকত্বের বিষয়টির সমাধান হওয়া জরুরি। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর একটি হোটেলে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। তিনি বলেন, নিজেদের অনেক সমস্যা সত্ত্বেও লাখ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে বাংলাদেশ মানবিকতা দেখিয়েছে। এখন মিয়ানমারকে রোহিঙ্গাদের নাগরিক অধিকার ফিরিয়ে দিতে হবে। এক্ষেত্রে কেবল অঙ্গীকার নয়, রোহিঙ্গা সংকটের বাস্তবসম্মত সমাধানে দৃশ্যমান পদক্ষেপ মিয়ানমারকেই নিতে হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৪)।

**৮। রোহিঙ্গা প্রত্যাবাসনে সহায়তা চেয়ে বাংলাদেশ ও জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বৈঠক**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম নিরাপত্তা ও মযার্দার সঙ্গে মিয়ানমারে রোহিঙ্গাদের প্রত্যাবাসনের জন্য জাপানের সহায়তা চেয়েছেন। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) এক বার্তায় এ খবর জানানো হয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী চতুর্থ ভারত মহাসাগরীয় অঞ্চলের সম্মেলনের পাশাপাশি মালদ্বীপের রাজধানী মালেতে জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী তোশিকো আবের সঙ্গে এক বৈঠকে এ সহায়তা চান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**৯। অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রীর রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন**

অস্ট্রেলিয়ার পররাষ্ট্র ও মহিলাবিষয়ক মন্ত্রী মেরিস পেইন গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন। এ সময় তিনি সেভ দ্য চিলড্রেন পরিচালিত একটি শিশু শিক্ষাকেন্দ্র ঘুরে দেখেন। তিনি রোহিঙ্গা শিশুদের খোঁজ নেন এবং তাদের সঙ্গে কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১৬,ক.৫)।

**১০। রোহিঙ্গা ক্যাম্পের চারদিকে বেড়া বা প্রাচীর নির্মাণের সুপারিশ সংসদীয় কমিটির**

ক্যাম্প থেকে একজন রোহিঙ্গাও যাতে বের হতে না পারে সেজন্য আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোর ব্যবস্থা নেয়ার সুপারিশ করেছে সংসদীয় কমিটি। প্রয়োজনে ক্যাম্পের চারদিকে কাঁটাতারের বেড়া বা সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে একমত হয়েছে প্রতিরক্ষা বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদীয় কমিটির বৈঠকে রোহিঙ্গা এলাকার নিরাপত্তা বিষয়ে এ সুপারিশ করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫)।

**১১। রোহিঙ্গা সমাবেশে সহায়তার অভিযোগে দুই এনজিওর কার্যক্রম নিষিদ্ধ**

রোহিঙ্গাদের প্রত্যাবাসনবিরোধী উস্কানি দেওয়া এবং সম্প্রতি ক্যাম্পে সমাবেশ আয়োজনে গোপন সহায়তার অভিযোগে কক্সবাজারে দু'টি বেসরকারি উন্নয়ন সংস্থার (এনজিও) সব ধরনের কার্যক্রম বন্ধের নির্দেশনা দিয়েছে এনজিওবিষয়ক ব্যুরো। বিদেশি অনুদানে পরিচালিত অ্যাডভেনটিস্ট ডেভেলপমেন্ট অ্যান্ড রিলিফ এজেন্সি (অ্যাড্রা) ও আল মারকাজুল ইসলামী নামে এনজিও দু'টির ব্যাংক লেনদেনও বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)।

**১২। এডিবি'র অর্থায়নে দেশের ৪টি মহাসড়ক চার লেনে উন্নীত হচ্ছে :**
**সেতুমন্ত্রীর সঙ্গে কান্ট্রি ডিরেক্টরের সাক্ষাৎ**

এশীয় উন্নয়ন ব্যাংকের অর্থায়নে দেশের ৪টি মহাসড়ক'কে চার লেনে উন্নীত করা হবে। ঢাকা-সিলেট, রংপুর-বাংলাবান্ধা, রংপুর-বুড়িমারী ও ফরিদপুর-বরিশাল মহাসড়কের প্রতিটিকে চারলেনে উন্নীতের পাশাপাশি এসব মহাসড়কে ধীরগতির যানবাহনের জন্যও থাকবে আলাদা লেন। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ে সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সাথে এক সৌজন্য সাক্ষাৎকালে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কান্ট্রিডিরেক্টর মনমোহন পারকাশ এ কথা জানান। এ সময় সেতুমন্ত্রী দেশের সড়ক অবকাঠামো উন্নয়নে অব্যাহত সহযোগিতার জন্য এডিবি'র কান্ট্রি ডিরেক্টরকে ধন্যবাদ জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (**শেষ** পৃ.,ক.৪), **নিউ নেশন** (**শেষ** পৃ,ক.৫)।

**১৩। উত্তরাঞ্চলে ডালের আবাদ বাড়ানোর তাগিদ কৃষিমন্ত্রীর**

বাংলাদেশে মাটি আবহাওয়া উপযোগী বিভিন্ন শস্যের নতুন জাত উদ্ভাবন ও আবাদ করা হচ্ছে। দেশের উপকূলীয় এলাকা ছাড়া উত্তরাঞ্চলেও ডাল আবাদের সম্ভাবনা রয়েছে। প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার পাশাপাশি কৃষিতে যেকোনো ধরনের ঝুঁকি এড়াতে উত্তরাঞ্চলে ডালের আবাদ বাড়ানো দরকার। আবাদ বাড়াতে অস্ট্রেলিয়ার গবেষকরা সহযোগিতাও দেবেন। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাকের সঙ্গে তাঁর কার্যালয়ে ইউনিভার্সিটি অব ওয়েস্ট্রার্ন অস্ট্রেলিয়ার জ্যেষ্ঠ অধ্যাপক ড. উইলিয়াম এরসকাইনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করে। বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা বলেন কৃষিমন্ত্রী। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে (শেষ** পৃ,ক.৬)।

**১৪। উদ্বৃত্ত অর্থ নিলে ব্যাংকে তারল্য সংকট হবে না : অর্থমন্ত্রী**

স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলোর উদ্বৃত্ত বা অলস অর্থ সরকারি কোষাগারে জমা হলে ব্যাংক খাতে কোনো ধরনের তারল্য সংকট হবে না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, কোনো ব্যাংক থেকে টাকা আনা হবে না। টাকা ব্যাংকেই থাকবে। শুধু হিসাব বইয়ে রেকর্ড হিসাবে এন্ট্রি করা হবে। ফলে লিকুইডিটি (তারল্য) সংকট হবে না। বরং এর ফলে সরকারি ব্যয়ে আরও স্বচ্ছতা আসবে। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) অর্থনৈতিক সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন তিনি। সূত্র **: সমকাল** (শেষ পৃ,ক.২), **ইত্তেফাক (শেষ** পৃ.,ক.৮), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

**১৫। পোশাক তৈরিতে বৈচিত্র্য আনতে হবে : শিল্পমন্ত্রী**

তৈরি পোশাকপণ্যে বৈচিত্র্য আনার তাগিদ দিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহ্‌মুদ হুমায়ূন। তিনি বলেন, এ খাতে বাংলাদেশ এখন বিশ্বে নেতৃত্বশীল অবস্থানে রয়েছে। বিশ্ববাজারে এ অবস্থান ধরে রাখতে নতুন বাজার খোঁজার পাশাপাশি পোশাক তৈরিতে উদ্ভাবনী চিন্তার প্রয়োগ করতে হবে। রাজধানীর কুড়িলে আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) বস্ত্র ও পোশাক খাতের যন্ত্রপাতি ও কাঁচামাল প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) তিনি এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.১৩,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৬)।

**১৬। কানাডায় শুল্কমুক্ত সুবিধা অব্যাহত থাকার আশা বাণিজ্যমন্ত্রীর**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, বাংলাদেশ ও কানাডার ব্যবসায়ীরা যৌথ উদ্যোগ নিলে উভয় দেশেরই লাভবান হওয়ার সুযোগ রয়েছে। বাংলাদেশের ব্যবসায়ীদের কানাডায় রপ্তানি বাড়ানোর সুযোগ রয়েছে। আর কানাডার ব্যবসায়ীরা বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগ করে কম খরচে পণ্য উৎপাদনের সুযোগ নিতে পারেন। কানাডা বাংলাদেশকে ২০০৩ সাল থেকে পোলট্রি, ডেইরি, ডিম, অস্ত্র ও গোলাবারুদ ব্যতীত সব পণ্যে শুল্কমুক্ত বাণিজ্য সুবিধা দিয়ে আসছে। বাণিজ্যমন্ত্রী আশা করেন, উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার পরও কানাডা এ সুবিধা অব্যাহত রাখবে। বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি গত ৩ সেপ্টেম্বর মঙ্গলবার কানাডার টরন্টোতে বাংলাদেশ-কানাডা বাণিজ্য ফোরামে এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**১৭। বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণে বিশেষজ্ঞদের নিয়ে সভা অনুষ্ঠিত**

প্রস্তাবিত বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণের লক্ষ্যে বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণে বাংলাদেশ কমিউনিকেশন্স স্যাটেলাইট কোম্পানি লিমিটেডকে (বিসিএসসিএল) নির্দেশ দিয়েছেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) আইইবি মিলনায়তনে বঙ্গবন্ধু স্যাটেলাইট ২-এর বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ নির্দেশ দেন। সূত্র **: সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২)।

**১৮। চট্টগ্রাম বন্দরের বে-টার্মিনাল নির্মাণে চূড়ান্ত সিদ্ধান্ত যেকোনো সময় : নৌপরিবহণ প্রতিমন্ত্রী**

চট্টগ্রাম বন্দরের প্রস্তাবিত বে-টার্মিনাল নির্মাণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত যেকোনো সময় আসতে পারে বলে জানিয়েছেন নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। গতকাল (৪ সেপ্টেম্বর বুধবার) চট্টগ্রাম বন্দর প্রশিক্ষণ ইনস্টিটিউটে নবগঠিত বন্দর উপদেষ্টা কমিটির প্রথম সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি এ তথ্য জানান। কর্ণফুলী ড্রেজিং সম্পর্কে প্রতিমন্ত্রী বলেন, কর্ণফুলী আমাদের লাইফলাইন। এটাকে ব্যবহার উপযোগী রাখতে যে পদক্ষেপ নেয়া দরকার, তা আমরা নিচ্ছি। যে যন্ত্রপাতি সংগ্রহ করা দরকার, তা আমরা করছি। ড্রেজিং চলমান প্রক্রিয়া, থেমে থাকবে না। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** মানুষকে বই ও পাঠাগারমুখী করতে দেশের পাঠাগারগুলির পরিবেশ উন্নয়ন ও আধুনিকায়ন করার ওপর গুরুত্বারোপ।

খ. **বণিক বার্তা :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে প্রাক্কলনের দ্বিগুণ ও অত্যধিক ভারী যানবাহন চলাচলের কারণে বাণিজ্যিকভাবে অত্যাবশকীয় এ মহাসড়ক ক্ষতিগ্রস্ত হচ্ছে উল্লেখ করে ক্ষতিগ্রস্ত এ মহাসড়ক নির্মাণে যে প্রকল্প হাতে নেওয়া হয়েছে, তা যথাযথভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **ইনকিলাব, সমকাল :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহাসড়কগুলো রক্ষণাবেক্ষণের জন্য টোল আদায়ের নির্দেশনা দিয়েছেন উল্লেখ করে এ সময়োপযোগী নির্দেশনা প্রশংসনীয় ও অভিনন্দনযোগ্য বলে মতপ্রকাশ।

**ঘ.** **যায়যায়দিন :** এডিস মশাবাহিত ডেঙ্গু ও ডেঙ্গুর মতো ভয়াবহ রোগ নিয়ন্ত্রণের জন্য বছরব্যাপী পরিকল্পনা হাতে নিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর উল্লেখ করে এ উদ্যোগের সফলতা কামনা।

**ঙ.** **ভোরের কাগজ :** পঞ্চম জেনারেশন ইন্টারনেট সেবা ফাইভ-জি চালুর সিদ্ধান্ত নিয়েছে সরকার উল্লেখ করে ফাইভ-জি'র মানসম্মত সেবা ও সুলভ সাশ্রয়ী রেট নিশ্চিত করার সুপারিশ।

**চ.** **নিউ এজ :** সড়কে শৃঙ্খলা ফেরাতে কঠোর আইন প্রয়োগের ওপর গুরুত্বারোপ।

**ছ.** **ঢাকা ট্রিবিউন :** নিষিদ্ধ করার পরও পলিথিন ব্যাগের ব্যবহার কমছেনা উল্লেখ করে এ ব্যাপারে নজরদারির সুপারিশ।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'আতঙ্কের নাম কিশোর গ্যাং'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, কিশোর অপরাধ কমাতে খেলার মাঠ বৃদ্ধি এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডের প্রতি কিশোরদের উৎসাহ প্রদান করতে হবে।

#

ডালিয়া/রিদওয়ান/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা